গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
সরকারি কমার্স কলেজ, চট্টগ্রাম
কলেজ কোড : ৪৩০৬, ইআইআইএন নম্বর : ১০৪৩০২

স্মারক নং-সককচ/২০২৪/ ৩৫৮ তারিখ : ০৫/০২/২০২৪

বিষয় ঃ নিলাম বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের জন্য প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, এতদসঙ্গে প্রেরিত সরকারি কমার্স কলেজ, চট্টগ্রাম এর অধ্যক্ষের ঝুঁকিপূর্ণ, ব্যবহার অনুপোযোগী ও পরিত্যাক্ত বাসভবন নিলাম বিজ্ঞপ্তিটি তাঁর প্রতিষ্ঠানের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।

প্রফেসর সুসেন কুমার বড়ুয়া
আইডি : ০০০০২৯০১
অধ্যক্ষ
সরকারি কমার্স কলেজ, চট্টগ্রাম।

সংযুক্ত ঃ অধ্যক্ষের পুরাতন অকোজো বাসভবন নিলাম বিজ্ঞপ্তি ।

প্রাপক :

১. জেলা প্রশাসক
চট্টগ্রাম

২. পরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, চট্টগ্রাম অঞ্চল, চট্টগ্রাম।

৩. অধ্যক্ষ
চট্টগ্রাম কলেজ, চট্টগ্রাম।

৪. অধ্যক্ষ
হাজী মুহাম্মদ মহসিন কলেজ, চট্টগ্রাম।

৫. অধ্যক্ষ
সরকারি সিটি কলেজ, চট্টগ্রাম।

৬. অধ্যক্ষ
সরকারি মহিলা কলেজ, চট্টগ্রাম।

৭. নির্বাহী প্রকৌশলী
শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, চট্টগ্রাম জোন, চট্টগ্রাম।

৮. থানা মাধ্যমিক শিক্ষা অফিসার
চট্টগ্রাম।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
সরকারি কমার্স কলেজ, চট্টগ্রাম
কলেজ কোড : ৪৩০৬, ইআইআইএন নম্বর : ১০৪৩০২

স্মারক নং-সককচ/২০২৪/ ৬৫৭ তারিখ ঃ ০৫/০২/২০২৪ খ্রি.

অধ্যক্ষের পুরাতন বাসভবন নিলাম বিজ্ঞপ্তি

সরকারি কমার্স কলেজ, চট্টগ্রাম এর অধ্যক্ষের ঝুঁকিপূর্ণ, ব্যবহার অনুপোযোগী ও পরিত্যাক্ত বাসবভবন ভেঙ্গে অপসারণ এবং নির্মাণ সামাগ্রী (যেখানে যে অবস্থায় আছে) নিলামে বিক্রয়ের নিমিত্তে প্রকৃত ব্যবসায়ী/ঠিকাদারী প্রতিষ্ঠানের নিকট হতে নিজস্ব প্যাডে নিম্নলিখিত শর্তস্বাপেক্ষে দরপত্র আহবান করা যাচ্ছে। দরপত্র শিডিউল অফিস হতে গ্রহণ করা যাবে এবং দরপত্রসমূহ আগামী ০৭/০২/২০২৪ তারিখ ১০.০০ ঘটিকা থেকে ১৫/০২/২০২৪ তারিখ দুপুর ১.০০ ঘটিকা পর্যন্ত সরকারি কমার্স কলেজ, চট্টগ্রাম এর অফিস কক্ষে রক্ষিত বাক্সে গ্রহণ করা হবে এবং ঐ দিন দুপর ২.০০ ঘটিকায় আগ্রহী উপস্থিত দরদাতাদের সম্মুখে দরপত্র বাক্স খোলা হবে।

শর্তাবলী ঃ-

০১। নিলাম ডাকে অংশগ্রহণকারী প্রতিষ্ঠানের হালনাগাদ ট্রেড লাইসেন্স, হালনাগাদ ভ্যাট রেজিস্ট্রেশন, টিন সার্টিফিকেট, হালনাগাদ ব্যাংক সলভেন্সি সার্টিফিকেট এবং হালনাগাদ আয়কর প্রত্যয়নপত্র দাখিলপূর্বক আগামি ১৫/০২/২০২৪ তারিখ ১.০০ ঘটিকার মধ্যে এ কলেজের হিসাবশাখায় নিম্নস্বাক্ষরকারীর অনুকূলে ১০,০০০/- (দশ হাজার) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট্ (ফেরতযোগ্য) জামানত দিয়ে নিলাম ডাক এ অংশগ্রহণ করতে হবে। অন্যথায় দরপত্র বাতিল বলে গণ্য হবে।

০২। সর্বোচ্চ দরদাতাকে তাৎক্ষনিকভাবে ১৫/০২/২০২৪ তারিখ ২.০০ ঘটিকার মধ্যে প্রদত্ত দরের ৫০% টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট্/নগদ নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে জমা করতে হবে। অন্যথায় জামানত হিসাবে জমাকৃত প্রদত্ত পে-অর্ডার/ব্যাংক ড্রাফট্ বাজেয়াপ্ত করা হবে।

০৩। উর্দ্ধতন কর্তৃপক্ষ কর্তৃক দর অনুমোদিত হওয়ার পর অবশিষ্ট অর্থ পে-অর্ডার/ব্যাংক ড্রাফট্ এর মাধ্যমে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে জমা করার পরই কেবল সর্বোচ্চ দরদাতাকে ভবন ভাঙ্গা ও মালামাল গ্রহণের অনুমতি পত্র প্রদান করা হবে।

০৪। সর্বোচ্চ দরদাতাকে বিধি মোতাবেক তার প্রদত্ত দরের ৭.৫% ভ্যাট ও ৩% হারে উৎস কর প্রদান করতে হবে।

০৫। বর্ণিত অকেজো ভবনটি অফিস চলাকালীন সময়ে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরের প্রতিনিধির মাধ্যমে পরিদর্শন করা যাবে।

০৬। বর্ণিত অকোজো ভবনটি ভাঙ্গার সময় অভিজ্ঞ কারিগর/যন্ত্র ব্যবহার করতে হবে। শব্দদূষণ, বায়ুদূষণ যথাসম্ভব নিয়ন্ত্রণে রাখতে হবে এবং পাবলিক পরীক্ষা চলাকালীন সময়ে কাজ বন্ধ রাখতে হবে।

০৭। ভবনটি ভাঙ্গার সময় ঠিকাদারী প্রতিষ্ঠান কে নিজ দায়িত্বে ভবনের চারপাশে নিরাপত্তা বেষ্টনী স্থাপন করতে হবে এবং যেকোন দূর্ঘটনার জন্য ঠিকাদারী প্রতিষ্ঠান দায়ী থাকবে।

০৮। অকেজো ভবনটি ভাঙ্গার সময় পাশ্ববর্তী সীমানা দেয়ালের কোন প্রকার ক্ষতি সাধিত হলে সংশ্লিষ্ট ঠিকাদারী প্রতিষ্ঠানকে নিজ দায়িত্বে ও খরচে তা মেরমত/নির্মাণ করে দিতে হবে।

০৯। নিলামকৃত দর যথাযথ কর্তৃপক্ষ অনুমোদন না করা পর্যন্ত পুরাতন ভবন অপসারণ/ভাঙ্গা যাবে না।

১০। সর্বোচ্চ দরদাতাকে অনুমতিপত্র প্রদানে ০২ (দুই) মাসের মধ্যে নিলামকৃত অকোজো ভবনটি ভেঙ্গে এর যাবতীয় মালামাল নিজ ব্যয়ে/দায়িত্বে অপসারণ করতে হবে। অন্যথায় বিনা নোটিশে উক্ত দরপত্র বাতিল বলে গণ্য হবে।

১১। কোন কারণ দর্শানো ব্যতিরেকে যেকোন দরপত্র গ্রহণ/বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

5/2/24
প্রফেসর সুসেন কুমার বড়ুয়া
অধ্যক্ষ
সরকারি কমার্স কলেজ, চট্টগ্রাম।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরিত হলো।

০১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
০২। জেলা প্রশাসক, চট্টগ্রাম (সদয় অবগতি ও ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
০৩। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা চট্টগ্রাম অঞ্চল, চট্টগ্রাম। (সদয় অবগতি ও ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
০৪। অধ্যক্ষ, চট্টগ্রাম কলেজ, চট্টগ্রাম (সদয় অবগতি ও ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)
০৫। অধ্যক্ষ, সরকারি হাজী মুহম্মদ মহসিন কলেজ, চট্টগ্রাম (সদয় অবগতি ও ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
০৬। অধ্যক্ষ, সরকারি সিটি কলেজ, চট্টগ্রাম। (সদয় অবগতি ও ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
০৭। অধ্যক্ষ, সরকারি মহিলা কলেজ, চট্টগ্রাম। (সদয় অবগতি ও ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
০৮। নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, চট্টগ্রাম জোন, চট্টগ্রাম। (সদয় অবগতি ও ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
০৯। থানা মাধ্যমিক শিক্ষা অফিসার, চট্টগ্রাম (সদয় অবগতি ও ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
১০। অফিস নথি।

ফোন : ০২৩৩৩৩২১৯০০, ই-মেইল : gov.commercecollegectg@gmail.com, ওয়েব সাইট- www.gcom.edu.bd